

## ■ সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২৮৯

৭/ তালাক (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ১৮৩. যারা ফাতিমার বর্ণিত হাদীসকে অঙ্গীকার করে।

بَابْ مَنْ أَنْكَرَ ذَلِكَ عَلَىٰ فَاطِمَةَ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكٍ، عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ، عَنِ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ، وَسُلَيْمَانَ بْنَ يَسَارٍ، أَنَّهُ سَمِعُهُمَا يَذْكُرَانِ، أَنَّ يَحْيَى بْنَ سَعِيدٍ بْنَ الْعَاصِ، طَلْقَ بِنْتَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْحَكَمِ الْبَتَّةَ فَأَنْتَقَاهَا عَبْدُ الرَّحْمَنِ فَأَرْسَلَتْ عَائِشَةَ - رَضِيَ اللَّهُ عَنْهَا - إِلَى مَرْوَانَ بْنَ الْحَكَمِ وَهُوَ أَمِيرُ الْمَدِينَةِ فَقَالَتْ لَهُ أَتَقِ اللَّهَ وَارْدِدِ الْمَرْأَةَ إِلَى بَيْتِهَا . فَقَالَ مَرْوَانُ فِي حَدِيثِ سُلَيْমَانَ إِنَّ عَبْدَ الرَّحْمَنِ غَلَبَنِي . وَقَالَ مَرْوَانُ فِي حَدِيثِ الْقَاسِمِ أَوْمَا بَلَغَكِ شَأْنُ فَاطِمَةَ بِنْتَ قَيْسٍ فَقَالَتْ عَائِشَةُ لَا يَضُرُّكَ أَنْ لَا تَذَكَّرْ حَدِيثُ فَاطِمَةَ . فَقَالَ مَرْوَانُ إِنْ كَانَ بِكِ الشَّرُّ فَحَسِبْكِ مَا كَانَ بَيْنَ هَذَيْنِ مِنَ الشَّرِّ .

বাংলা

২২৮৯. আল কানবী .... কাসিম ইবন মুহাম্মদ ও সুলায়মান ইবন ইয়াসার হতে বর্ণিত। তিনি তাদের নিকট হতে শ্রবণ করেছেন যে, ইয়াহ্বেয়া ইবন সাউদ ইবনুল 'আস আবদুর রহমান ইবন আল-হাকামের কন্যাকে তালাক (বায়েন) প্রদান করেন। (তার পিতা) আবদুর রহমান তাকে স্বামীর বাড়ি হতে নিয়ে আসেন। আয়েশা (রাঃ) তাকে মারওয়ানের নিকট প্রেরণ করেন, যিনি (মু'আবিয়ার পক্ষ হতে) মদিনার গভর্নর ছিলেন। এরপর তিনি তাকে বলেন, আল্লাহকে ভয় করো এবং এ মহিলাকে তার ঘরে অবস্থান করতে দাও। মারওয়ান বলেন, আবদুর রহমান এ ব্যাপারে আমার উপর প্রভাব বিস্তার করেছে। এরপর মারওয়ান রাবী কাসিম বর্ণিত হাদীস সম্পর্কে বলেন, ফাতিমা বিনত কায়স বর্ণিত হাদীস সম্পর্কে আপনার অভিমত কী? তিনি তাকে বলেন, তুমি যদি ফাতিমা বর্ণিত হাদীস বর্ণনা না করো, তবে তাতে দোষের কিছু নেই। মারওয়ান বলেন, যদি আপনি (ফাতিমা ও তার স্বামীর মধ্যকার ব্যাপারটি) কোন খারাপ কাজের পরিণতি হিসাবে মনে করেন, তবে তা আপনার জন্য যথেষ্ট হবে যে এ ব্যাপারটিকেও (উমারা ও তার স্বামীর মধ্যকার ব্যাপার) আপনি তদ্দুপ মনে করবেন।

English

Al-Qasim ibn Muhammad and Sulayman ibn Yasar reported:  
Yahya ibn Sa'id ibn al-'As divorced the daughter of 'Abd al-Rahman ibn al-Hakam absolutely. 'Abd al-Rahman shifted her (from there). Aisha sent a message to Marwan ibn al-Hakam who was the governor of Medina, and said to him: Fear Allah, and return the woman to her home. Marwan said (according to Sulayman's version): 'Abd al-Rahman forced me. Marwan said (according to the version of al-Qasim): Did not the case of Fatimah daughter of Qays reach you? Aisha replied: There would be no harm to you if you did not make mention of the tradition of Fatimah. Marwan said: If you think that it was due to some evil (i.e. reason), then it is sufficient for you to see that there is also an evil between the two.

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুঁজিরীকৃত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ কাসিম বিন মুহাম্মাদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=34397>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন